

বৃথা চেষ্টা

- খান মো. মামুন হোসাইন

দিনকে বলি তুমি সরে যাও
আমি ঘুমোতে যাব।
রাত বলে সময় কোথায়!
যেতে হবে বহুদূর...

বিশ্রামের সময় এখনও আসেনি!
কষ্ট পেয়েছ, কিন্তু কেন?
সময় যে বয়ে চলেছে তোমার-
তবুও যেতে হবে...

অলসতায় বলেছিলাম, দুপুরে যাব
সকাল আমাকে ক্ষমা করেনি,
কখন যে রাত হল টের-ই পাইনি!

তবুও সংগ্রাম সামনে যাবার,
ফিরে দেখি সময় যে নেই আর!
আছে শুধু হাহাকার,
বৃথা সামনে এগোবার।